

গণপ্রাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
চিকিৎসা শিক্ষা-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-স্বাপকম/চিশি-১/ছাত্র ভর্তি-১/২০১১(অংশ)/ ২৩০

তারিখ: ১১.০৬.২০১৩ খ্রি:

বিষয়: সরকারী এবং বেসরকারী মেডিকেল ও ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষে  
ভর্তি প্রসংগ্রে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারী এবং বেসরকারী মেডিকেল ও ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষে ভর্তি সংক্রান্ত বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে গত ১০.০৪.২০১৩ তারিখ একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (১) ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষে এমবিবিএস/বিডিএস কোর্সে পূর্বের ন্যায় ছাত্র/ছাত্রী ভর্তির বিদ্যমান নীতিমালা অনুসারে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং ভর্তির জন্য লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে;
- (২) এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের পর দ্রুত মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির পরীক্ষা নিতে হবে;
- (৩) ২০১২ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের এ বছর ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ভবিষ্যতে যে শিক্ষা বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে তার পূর্ববর্তী শিক্ষা বর্ষে পাশকৃত ছাত্র/ছাত্রীদের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ নিরুৎসাহিত করা হবে।

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মাহফুজা আকতার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯১৬৯৭৩০

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

#### অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। যুগ্ম-সচিব (চিশি) মহোদয়ের ব্যাক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।